

বুয়েটের শিক্ষক-কর্মচারীদের সমাবেশে প্রধানমন্ত্রী

শিক্ষার পরিবেশ রক্ষায় কঠোর ব্যবস্থা গ্রহণ করা হইবে

বাসস : প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া গতকাল (সোমবার) বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ১৯শে অক্টোবরের ঘটনা তদন্তে একটি বিচার বিভাগীয় তদন্ত কমিটি গঠনের নির্দেশ দিয়াছেন। তিনি ১৯শে অক্টোবর প্রকৌশল বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সন্ত্রাস সৃষ্টির জন্য দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণের নির্দেশ দিয়াছেন। তিনি বলেন যে, যাহারা ক্যাম্পাসে শান্তি ও শৃংখলা রক্ষায় ব্যর্থ হইয়াছে তাহাদের বিরুদ্ধেও ব্যবস্থা গ্রহণ করা হইবে। পরিস্থিতি সম্পর্কে প্রধানমন্ত্রীকে অবহিত করার জন্য গতকাল সকালে প্রধানমন্ত্রীর কার্যালয়ে আগত প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও কর্মচারীদের উদ্দেশে বেগম জিয়া বক্তৃতা করেন। (১১৮ পৃ: দ্রঃ)

প্রধানমন্ত্রী

(১ম পৃ: পর)

বেগম খালেদা জিয়া প্রকৌশল বিশ্ববিদ্যালয়সহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে শান্তিপূর্ণ ও অনুকূল পরিবেশ পরিবেশ বজায় রাখার প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন, এই লক্ষ্য অর্জনে সন্তোষজনক ব্যবস্থা গ্রহণ করা হইবে। বেগম জিয়া বলেন, আমরা আমাদের সন্তানদের জন্য সুন্দর ভবিষ্যৎ সৃষ্টিতে অস্বীকারবদ্ধ এবং সন্ত্রাস নিমূল করার জন্য আমরা পুনরায় শিক্ষক ও রাজনৈতিক নেতাদের সঙ্গে মিলিত হইব। সতর্কবাণী উচ্চারণ করিয়া প্রধানমন্ত্রী বলেন, আমাদের সহনশীলতাকে অবশ্যই আমাদের দুর্বলতা বলিয়া ধারণা করিলে চলিবে না। ক্যাম্পাসে শিক্ষার সুষ্ঠু পরিবেশ পুনঃপ্রতিষ্ঠায় প্রয়োজনে আমরা অত্যন্ত কঠোর ব্যবস্থা গ্রহণ করিব। বেগম জিয়া এ ব্যাপারে শিক্ষক ও অভিভাবকদের সহযোগিতা কামনা করেন।

পূর্বাঙ্কে প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর অধ্যাপক এম. শাহজাহান, ডঃ জদিয়ুজ্জামান, ডঃ ইকবাল, মাহমুদ ও অধ্যাপক নুরুদ্দিন আহমদ ঘটনা সম্পর্কে প্রধানমন্ত্রীকে অবহিত করেন। তাঁহারা বলেন যে, সরকারের উচিত সময় নষ্ট না করিয়া দৃষ্টকারী ও সন্ত্রাসীদের বিরুদ্ধে অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করা। তাঁহারা অভিযত দেন যে, এ ব্যাপারে আলোচনার আর কোন প্রয়োজন নাই।

শিক্ষামন্ত্রী ব্যারিষ্টার জমিরুদ্দিন সরকারও এই উপলক্ষে বক্তব্য রাখেন। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব সৈয়দ হাসান আহমেদও উপস্থিত ছিলেন।